

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বরগুনা।

স্মারক নং- জেপ্রাশিঅ/বরগুনা/২৯৪

তারিখ: ০৬/০৩/২০২৪খ্রি:

বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাদীন প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভূক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩” এ বরগুনা জেলায় চূড়ান্ত ভাবে নির্বাচিত প্রার্থীদেরকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী পরিচিতি প্রতিপাদন ও সকল ডকুমেন্টস যাচাইয়ের নিমিত্ত চাহিত কাগজপত্রসহ স্বশরীরে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বরগুনায় অফিস সময়ের মধ্যে (সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা) উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো:

ক্রমিক নং	উপজেলার নাম	কাগজপত্র গ্রহণের তারিখ
০১	আমতলী	১৩/০৩/২০২৪খ্রি:
০২	পাথরঘাটা	
০৩	বরগুনা সদর	
০৪	বামনা	১৪/০৩/২০২৪খ্রি:
০৫	বেতাগী	
০৬	তালতলী	

নির্দেশনা:

যে সকল কাগজপত্র সঙ্গে আনতে হবে -

- ০১। সকল মূল সনদ (সকল সনদের মূল কপি, জাতীয় পরিচয় পত্র ০৩ (তিন) কপি অনুলিপি)।
- ০২। পুলিশ ভেরিফিকেশন ফরম (প্রার্থী কর্তৃক যথাযথভাবে পূরণকৃত) -০৩ কপি।
- ০৩। সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন এবং ডোপটেস্ট রিপোর্ট ০১ কপি।
- ০৪। কোটা সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি -০১ কপি। (মূল কপি সাথে আনতে হবে)
- ০৫। ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র -০১ কপি।

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনক্রমেই কোন প্রার্থীর কাগজপত্র জমা নেয়া হবেনা।



(লায়লা জেরীনা আকতার)

উপজেলা শিক্ষা অফিসার (চ: দা:)

০৬/০৩/২৪

বরগুনা সদর

পক্ষে, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

বরগুনা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ০২। জেলা প্রশাসক, বরগুনা।
- ০৩। পুলিশ সুপার, বরগুনা।
- ০৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৫। সিভিল সার্জন, বরগুনা।
- ০৬। সংরক্ষণ নথি।